৭২

দৈনিক ইনকিলাব

তারিখ JUL. 22 1999

পৃষ্ঠা ১১ কলাম ৩



## আজ ডঃ এম ও গনির ১০ম মৃত্যুবার্ষিকী

প্রেস বিজ্ঞপ্তি ঃ বিশিষ্ট বিজ্ঞানী ও শিক্ষাবিদ, ঢাকা বিশ্ববিদ্যালয় ও মোমেনশাহী কৃষি বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি এবং প্রাক্তন এমপি ডঃ এম ও গনির আজ দশম মৃত্যুবার্ষিকী। এ উপলক্ষে ডঃ এম ও গনি মেমোরিয়াল ফাউন্ডেশন আজ বনানী গোরস্তানে তার কবর জিয়ারত ও ফাতিহা পাঠ এবং ইন্দিরা রোডের বাসভবনে কোরআনখানি, মিলাদ মাহফিল ও এতিমখানার শিশুসহ দরিদ্রদের ভেতর খাবার বিতরণের আয়োজন করা হয়েছে। এছাড়া আগামী শুক্রবার সন্ধ্যায় ফার্মগেটের কৃষি গবেষণা কাউন্সিল মিলনায়তনে ঢাকাস্থ কিশোরগঞ্জ সমিতি ও ডঃ এম ও গনি মেমোরিয়াল ফাউন্ডেশনের উদ্যোগে স্মরণসভা অনুষ্ঠিত হবে। এতে দেশের প্রখ্যাত শিক্ষাবিদ, রাজনীতিবিদ ও সাংবাদিকরা বক্তব্য রাখবেন। বাংলাদেশ বিজ্ঞান একাডেমী আগামী ২১ আগস্ট আগারগাঁও আইডিবি মিলনায়তনে স্মারক বক্তৃতার আয়োজন করেছে। প্রেসিডেন্ট সাহাবুদ্দীন আহমেদ এতে প্রধান অতিথি থাকবেন।